



ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH

প্রধান কার্যালয়


কৃষি ল্যাবরেটরী বিল্ডিং, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫
ফোন : ৯১৩১৫৮০, ফ্যাক্স : +৮৮০-২-৯১১৬৩৩২, ই-মেইল : dkibbd@gmail.com, ওয়েব : www.dkib.org

স্মারক নং- ৯০

তারিখ : ২৮/০৫/২০১৮খ্রিঃ

যশোর অঞ্চলের কৃষিবিদ কর্মকর্তাদের আলোচনা সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক এবং তার সফর সঙ্গী বি.সি.এস কৃষি ক্যাডারের সভাপতির উস্কানি মূলক বক্তব্যের তীব্র প্রতিবাদ।

১৮/০৫/২০১৮ইং তারিখে যশোর অঞ্চলের কর্মকর্তাগণের সাথে আলোচনা সভায় মহাপরিচালক মহোদয় এবং তার সফর সঙ্গী বি.সি.এস কৃষি ক্যাডারের সভাপতি জনাব মোঃ আনোয়ার হোসেন খান এর উস্কানিমূলক বক্তব্যের বিরুদ্ধে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর পক্ষ থেকে তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করা হলো। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রী বরাবরে উপজেলা এবং জেলা ডিকেআইবির পক্ষ থেকে স্মারকলিপির প্রদানের যে কার্যক্রম চলছে তাকে মহাপরিচালক এবং তার সফর সঙ্গী বি.সি.এস কৃষি ক্যাডারের সভাপতি সাহেব ভিন্ন খাতে প্রবাহিত করার হীন অপচেষ্টা করছেন। উধ্বর্তন কর্মকর্তাদের বিরুদ্ধে অধস্তন কর্মকর্তাদের কার্যকলাপ হিসেবে চিহ্নিত করার যে অপচেষ্টা করেছেন তার বিরুদ্ধে ডিকেআইবি নিন্দা জ্ঞাপন করছে। প্রকৃতপক্ষে কোন অধস্তন কর্মকর্তা/কর্মচারী উধ্বর্তন কর্তৃপক্ষের বিরুদ্ধে স্মারকলিপি পেশ করেন নাই। স্মারকলিপি পেশ করেছেন ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন এর নেতৃবৃন্দ এবং এই স্মারকলিপি কোন উধ্বর্তন কর্তৃপক্ষের বিরুদ্ধে নয়, দুর্নীতিবাজদের বিরুদ্ধে। তাছাড়া এই স্মারকলিপি ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১০ম গ্রেড বাস্তবায়নের স্বপক্ষে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী দুর্নীতির বিরুদ্ধে অবস্থান নেওয়া এবং তাঁর ঘোষিত কর্মসূচী ভিশন-২০২১, ২০৪১ বাস্তবায়নে দুর্নীতিবাজদের বিরুদ্ধে স্মারকলিপি পেশ করা নিশ্চয় কোন অপরাধ নয়।


২৮/০৫/২০১৮ইং
(এ টি এম আবুল কাশেম)

সভাপতি

০১৭১১-৪৮৮৪২৫